# ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১.▶ মিতুল লেখাপড়ার পাশাপাশি ভাবত কীভাবে নিজে নতুন কিছু করতে পারবে। লেখাপড়া শেষে সে একটি ডেইরি ফার্ম করার সিদ্ধান্ত নিল। সে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে পরিকল্পনা অনুযায়ী ফার্ম প্রতিষ্ঠা করল। তার এ আত্মবিশ্বাস, সাহস ও অধ্যবসায় তাকে সাফল্য এনে দিল।

ক. উদ্যোক্তা কাকে বলে? ১

খ. আর্থ সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের দুইটি অবদানের বর্ণনা দাও। ২

গ. বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধাসমূহ বিশ্লেষণ করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মিতুলের গৃহীত কর্মসূচি কী ধরনের অবদান রাখতে পারে? ব্যাখ্যা করো। ৪

২.▶ সবুর সাহেব সামান্য পুঁজি নিয়ে নিজ গ্রামে একটি হাঁস-মুরগির খামার গড়ে তোলেন। একটি সবজি বাগান করে সেখান থেকেও কিছু আয়ের ব্যবস্থা করেন। চাকরির জন্য বসে না থেকে কর্মসংস্থান গড়ে তুলে বেকারত্বের হাত থেকে মুক্তি পেয়েছেন।

ক. মোট জনসংখ্যার কত ভাগ মানুষ গ্রামে বাস করে? ১

খ. আত্ম-কর্মসংস্থানের চারটি ক্ষেত্রের নাম লেখ। ২

গ. সবুর সাহেবের হাঁস-মরগির খামার গড়ে তোলা ও সবজির বাগান করা কী ধরনের কাজ? ৩

ঘ. আত্মকর্মসংস্থানে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ৪

৩.▶ সম্মিলিত প্রচেষ্টায় এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা ও চিন্তা থেকেই সমবায়ের উৎপত্তি। শিল্প বিপ্লব ও প্রযুক্তিনির্ভর ব্যবসায় সংগঠনের বিকাশে পুঁজিবাদি সমাজ ব্যবস্থায় ভিত যত মজবুত হতে থাকে, এর প্রভাবে সমাজের অর্থনৈতিক বৈষম্যও দেখা দিতে থাকে। পুঁজিবাদি সমাজের সৃষ্ট এ জাতীয় অর্থনৈতিক বৈষম্য ও দুরবস্থা থেকে মুক্তির প্রয়াসে বিশ্বের বিভিন্ন দেশে সমবায় সংগঠন গড়ে ওঠে।

ক. সমবায়ের শাব্দিক অর্থ কী? ১

খ. সমবায় সমিতির চারটি নাম লেখ। ২

গ. সমবায় সমিতির মূলনীতিগুলো বিশ্লেষণ করো। ৩

ঘ. বাংলাদেশে সমবায় ব্যবসায়ের সমস্যা ও সম্ভাবনা আলোচনা করো। ৪

http://teachingbd.com

৪.▶ বিভিন্ন ধরনের অনিশ্চয়তা ও দুর্ঘটনা থেকেই চাওয়া-পাওয়ার মধ্যে পার্থক্য সৃষ্টি হয়। আর এ নিশ্চয়তার কবল থেকে আমাদের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে উদ্ভূত হয়েছে বিমা ব্যবস্থা। ঝুঁকি বণ্টন ব্যবস্থার মাধ্যমে বিমা ব্যবসায় স্বকীয়তা অর্জন করেছে।

ক. ব্যবসায় ঝুঁকি কাকে বলে? ১

খ. সর্বাধিক প্রচলিত বিমা কত প্রকার ও কী কী? ২

গ. ব্যবসায়ের ক্ষেত্রে বিমার অবদান চিহ্নিত করো। ৩

ঘ. 'জীবন বিমা ক্ষতিপূরণের চুক্তি নয়'- উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৫.▶ গফুর সাহেব একজন উদ্যোক্তা। তিনি তার পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে সঠিকভাবে একটি ব্যবসায় প্রকল্প নির্বাচন করতে চান। এজন্য তিনি পণ্য বা সেবার চাহিদা সম্পর্কে ধারণা নিয়ে ব্যবসা শুরু করেছেন।

ক. ব্যবসায় পরিকল্পনা কী? ১

খ. ব্যবসায় পরিকল্পনার দুইটি গুরুত্ব বর্ণনা করো। ২

গ. প্রকল্প ধারণা চিহ্নিতকরণ ব্যাখ্যা করো। ৩

ঘ. 'গফুর সাহেব একজন সফল উদ্যোক্তা'- উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৬.▶ জাকির তার পরিবারের সদস্যদের নিয়ে বলপেন তৈরি করে স্থানীয় বাজারে বিক্রয় করে বেশ মুনাফা অর্জন করছে। তার কাজটি দেখে প্রতিবেশী শহীদ উদ্বুদ্ধ হয়ে অনুরূপ একটি কারখানা স্থাপন করলেন।

ক. শিল্প কাকে বলে? ১

খ. কুটিরশিল্প কীভাবে পরিচালিত হয়? ২

গ. বাংলাদেশের অর্থনীতিতে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অবদান বিশ্লেষণ করো। ৩

ঘ. জাকির ও শহীদের গৃহীত পদক্ষেপের প্রেক্ষিতে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশে করণীয় বিষয়গুলো উল্লেখ করো। ৪

৭.▶ সংঘবদ্ধ মানব জীবনে ব্যবস্থাপনা এক অপরিহার্য বিষয়। কয়েকজন ব্যক্তি যখন কোনো সাধারণ উদ্দেশ্য অর্জনের জন্য একত্রিত হয় তখন তাদের সঠিকভাবে পরিচালনার প্রয়োজন পড়ে। তাই একদল মানুষকে তাদের লক্ষ্যে এগিয়ে নেওয়ার কার্যকর শক্তিই হলো ব্যবস্থাপনা। আর ব্যবস্থাপনা হলো কাজের ধারাবিহক প্রক্রিয়া।

ক. নেতা কাকে বলে? ১

খ. অর্থায়ন বলতে কী বোঝায়? ২

গ. ব্যবস্থাপনার কার্যাবলি বিশ্লেষণ করো। ৩

ঘ. একজন আদর্শ নেতার গুণাবলি ব্যাখ্যা করো। ৪

Teachingbd.com

৮.▶ সেলিম সাহেব বিদেশ থেকে ফিরে ধানমন্ডিতে একটি ব্যবসায় প্রতিষ্ঠা করেন। তিনি সঠিকভাবে পণ্যমান সংরক্ষণ করেন এবং সর্বোত্তম ভোক্তা সেবা প্রদান করলেও তেমন বিক্রি হচ্ছে না। তাই তিনি কীভাবে ক্রেতাদের তার পণ্য সম্পর্কে বেশি বেশি ধারণা দেওয়া যায় তা নিয়ে ভাবছেন।

ক. বিপণন কাকে বলে? ১

খ. বিক্রয়িকতার ধারণা দাও। ২

গ. সর্বোত্তম সেবা প্রদানের পরও সেলিম সাহেবের বিক্রয় না বাড়ার কারণ বর্ণনা করো। ৩

ঘ. বিজ্ঞাপনের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৯.▶ আশিক তার লেখাপড়া শেষ করেছে। এখন সে ব্যবসায় শুরুর কথা ভাবছে। ব্যবসায় করার জন্য প্রয়োজনীয় অর্থ তার নেই। সোনালী ব্যাংক থেকে ঋণ নেওয়ার জন্য তার এক বড় ভাই পরামর্শ দিলেন। এরপর আশিক সোনালী ব্যাংক থেকে ঋণ নিয়ে তার ব্যবসা শুরু করল।

ক. দেশে কয়টি রাষ্ট্রায়ত্ত ব্যাংক আছে? ১

খ. নারীরা কীভাবে শিল্পোদ্যোক্তা হতে পারেন? ২

গ. আশিকের ব্যবসা শুরু করতে সোনালী ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সহায়ক সেবা হিসেবে বাণিজ্যিক ব্যাংকের ভূমিকা অপরিসীম'- বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

১০.▶ মামুন একজন অসৎ ব্যবসায়ী। সে তেল ক্রয় করে মজুদ রাখে। বাজারে তেলের মূল্য বৃদ্ধি পেলে তা অধিক মূল্যে বিক্রয় করে। অসৎ ব্যবসায়ে আজ সে কোটিপতি।

ক. নৈতিকতা কী? ১

খ. ব্যবসায়কে সমাজের প্রতি কী ধরনের দায়িত্ব পালন করতে হয়? ২

গ. ব্যবসায় সামাজিক দায়বদ্ধতার ধারণা ও গুরুত্ব বিশ্লেষণ করো। ৩

ঘ. মামুনের কাজটিতে মূল্যবোধের চরম অবক্ষয় প্রকাশ পায়— ব্যাখ্যা করো। ৪

১১.▶ জহুরুল ইসলাম একজন শিল্প উদ্যোক্তা ও সফল সংগঠক। তিনি ছিলেন অধ্যবসায়ী, দূরদৃষ্টি, নিষ্ঠা ও আত্মবিশ্বাসী। কর্মসংস্থানের পাশাপাশি তিনি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন।

ক. জহুরুল ইসলাম কত সালে ম্যাট্রিক পাস করেন? ১

খ. একজন উদ্যোক্তা কীভাবে কর্মসংস্থান সৃষ্টি করেন? ২

গ. কীভাবে জহুরুল ইসলাম নিজেকে সফল সংগঠক হিসেবে প্রতিষ্ঠিত করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. শিল্পোদ্যোক্তা হিসেবে জহুরুল ইসলামের মতো উদ্যোক্তাদের অবদান মূল্যায়ন করো। ৪

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. আধুনিক ব্যবসায়কে প্রধানত কয় ভাগে ভাগ করা যায়?
ⓚ দুই ⓚ তিন
ⓖ চার ⓘ পাঁচ

২. Porto Piqueno নামে কোন বন্দরটি অভিহিত?
ক চট্টগ্রাম খ পায়রা
গ মংলা ঘ সপ্তগ্রাম

৩. ব্যবসায়ের ক্রমবিকাশের মধ্যযুগের পর্যায় কোনটি?
ক দ্রব্য বিনিময়
খ প্রযুক্তি উন্নয়ন
গ কাগজি মুদ্রার প্রচলন
ঘ ব্যাংক ও বিমা ব্যবস্থার সম্প্রসারণ

৪. ম্যাটসুসিটা কোন দেশের প্রতিষ্ঠিত কোম্পানি?
ক বাংলাদেশ খ জাপান
গ জার্মান ঘ চীন

৫. উদ্যোক্তা শব্দের ইংরেজি প্রতিশব্দ কী?
ক Entrepreneur
খ Extrepreneur
গ Extrepreurohip
ঘ Business Entrepreneur

৬. কর্মসংস্থানকে প্রধানত কয়টি ভাগে ভাগ করা হয়েছে?
ক পাঁচ খ চার
গ তিন ঘ দুই

৭. নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত?
ক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
খ শিক্ষা মন্ত্রণালয়
গ শিল্প মন্ত্রণালয়
ঘ পর্যটন মন্ত্রণালয়

৮. নিবন্ধনবিহীন অংশীদারি ব্যবসায় সংগঠন কত টাকার বেশি পাওনা আদায়ের জন্য তৃতীয় পক্ষের বিরুদ্ধে মামলা করতে পারে না?
ক ১০০ খ ৫০০
গ ১,০০০ ঘ ২,০০০

৯. পণ্যের মান নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?
ক বিসিক খ বেসিক
গ বিটিটিআর ঘ বিএসটিআই

১০. নিচের কোনটি ব্যবসায়ের সম্পদ?
ক ক্রয় খ বিজ্ঞাপন
গ চাহিদা ঘ সুনাম

১১. ট্রেড লাইসেন্স সরবরাহ করে কে?
ক ইউনিয়ন কর্তৃপক্ষ
খ জেলা কর্তৃপক্ষ
গ পৌর কর্তৃপক্ষ
ঘ মন্ত্রী

১২. শিক্ষার হার ম্যাক্রোস্ক্রিনিং এর কোন উপাদানের অন্তর্ভুক্ত?
ক জনসংখ্যা
খ অর্থনৈতিক পরিবেশ
গ সাংস্কৃতিক পরিবেশ
ঘ রাজনৈতিক পরিবেশ

১৩. 'প্রত্যাশিত মুনাফা লাভ' মাইক্রোস্ক্রিনিং এর কোন উপাদানের অন্তর্ভুক্ত?
ক বাজার চাহিদা
খ কারিগরি দিক
গ আর্থিক দিক
ঘ বাণিজ্যিক দিক

১৪. সেবামূলক মাঝারি শিল্পে নিয়োজিত শ্রমিক সংখ্যা কতজন?
ক ৫০-১০০ খ ৪০-১০০
গ ৩০-১০০ ঘ ২০-১০০

১৫. উৎপাদনমুখী বৃহৎ শিল্পের ক্ষেত্রে নিয়োজিত শ্রমিকের সংখ্যা কত?
ক ১০০ জনের অধিক
খ ১৫০ জনের অধিক
গ ২০০ জনের অধিক
ঘ ২৫০ জনের অধিক

Teachingbd.com

http://teachingbd.com

১৬. পণ্যদ্রব্য উৎপাদন সংক্রান্ত কাজকে কী বলে?
ⓚ শিল্প ⓚ ব্যবসায়
ⓖ বাণিজ্য ⓖ পেশা

১৬. পণ্যদ্রব্য উৎপাদন সংক্রান্ত কাজকে কী বলে?
ক) শিল্প খ) ব্যবসায়
গ) বাণিজ্য ঘ) পেশা

১৭. ক্ষুদ্র শিল্পের সর্বোচ্চ বিনিয়োগ সীমা কত?
ক) ১ কোটি খ) ৫ কোটি
গ) ১০ কোটি ঘ) বিশ কোটি

১৮. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?
ক) স্যামুয়েল সোর্স খ) রবার্ট জনসন
গ) হেনরি ফেওয়েল ঘ) আই এম পান্ডে

১৯. সাধারণত ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহের প্রধান উৎস কোনটি?
ক) নিজস্ব তহবিল
খ) আত্মীয়-স্বজন
গ) বাণিজ্যিক ব্যাংক
ঘ) কৃষি ব্যাংক

২০. কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য কী প্রয়োজন?
ক) শিক্ষা
খ) প্রশিক্ষণ
গ) অধিক বেতন
ঘ) অধিক ছুটি

২১. বিজ্ঞাপন দেওয়া হয় কেন?
ক) পণ্যের মূল্য বৃদ্ধির জন্য
খ) ক্রেতাদের পণ্যের ধারণা দেওয়ার জন্য
গ) পণ্যের বাজার জানার জন্য
ঘ) উদ্যোক্তা তৈরি করার জন্য

২২. কিসের ওপর ভিত্তি করে পণ্যের মূল্য নির্ধারণ করা হয়?
ক) মোড়কিকরণ
খ) প্রমিতকরণ
গ) পর্যায়িতকরণ
ঘ) বাজার যাচাই

২৩. বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ কত সালে প্রতিষ্ঠিত?
ক) ১৯৭২ খ) ১৯৭৩
গ) ১৯৭৪ ঘ) ১৯৭৫

২৪. নতুন ব্যবসায় বা শিল্প স্থাপন একটি—
ক) রাজনৈতিক কাজ
খ) সামাজিক কাজ
গ) ঝুঁকিহীন কাজ
ঘ) সৃজনশীল কাজ

২৫. উদ্যোক্তার জন্য অনুপ্রেরণামূলক হতে পারে কোনটি?
ক) শিল্পনীতি খ) শ্রম নীতি
গ) করনীতি ঘ) রাজস্বনীতি

২৬. 'ইথস (Ethos)' শব্দের অর্থ কী?
ক) অনুসরণীয় মূল্যবোধ
খ) মানব আচরণের মানদণ্ড
গ) অনুকরণীয় জ্ঞানবোধ
ঘ) শিক্ষকের আদেশ-নির্দেশ

২৭. কোনটি মানুষের দৈনন্দিন কাজকর্মের সাথে জড়িত?
ক) দায়বদ্ধতা খ) কুশলতা
গ) রীতিনীতি ঘ) নৈতিকতা

২৮. স্কয়ার ফার্মাসিউটিক্যালস এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ—
ক) ৭০,০০০ টাকা
খ) ৮০,০০০ টাকা
গ) ৯০,০০০ টাকা
ঘ) ১,০০,০০০ টাকা

২৯. বাংলাদেশে প্রথম রিয়েল স্টেট ব্যবসায়ের প্রতিষ্ঠাতা কে?
ক) জহুরুল ইসলাম
খ) স্যামসন এইচ চৌধুরী
গ) জনাব জুবের আলী
ঘ) বগুড়ার নায়েব আলী

৩০. জহুরুল ইসলাম টিম্বার কারখানা কোথায় সথাপন করেন?
ক) ঢাকা
খ) সাভার
গ) গাজীপুর
ঘ) চট্টগ্রাম

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

http://teachingbd.com